

## সামুদ্রিক জীববৈচিত্র্য রক্ষায় প্রযুক্তি প্রয়োগের আহ্বান

### ■ ইত্তেফাক রিপোর্ট

পৃথিবীব্যাপী পরিবেশ ধ্বংসের বর্তমান ক্রান্তিলগ্নে সামুদ্রিক সম্পদ রক্ষায় প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে। বিজ্ঞানীদের এ বিষয়ে বিশেষ জোর দেওয়া সময়ের দাবি। আর আগামীর চ্যালেঞ্জ মোকাবেলায় তরুণদেরও সচেতন ও প্রস্তুত হতে হবে।

গতকাল সোমবার রাজধানীর জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে আয়োজিত বিজ্ঞান বক্তৃতায় বক্তারা এ কথা বলেন। মানারাত ঢাকা ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজের ১৩০ জন শিক্ষার্থীকে নিয়ে এই আয়োজন করে জাদুঘর কর্তৃপক্ষ। অনুষ্ঠানে ঐ বিদ্যালয়ের তিন জন মেধাবী শিক্ষার্থী যথাক্রমে নূবাহ হুমায়রা, সারাক ওয়ামিয়া হাসান ও আনজামু নাইরা বক্তৃতায় অংশগ্রহণ করেন।

বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, সমুদ্র রক্ষায় সচেতন না হলে অর্থনীতি ধ্বংস হয়ে যাবে। সমুদ্র অপরিমেয় জীববৈচিত্র্য ও খনিজ সম্পদের আধার। এ সম্পদ রক্ষায় বিজ্ঞান ও প্রযুক্তির উদ্ভাবনকে কাজে লাগাতে হবে।